

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিদেশ প্রশিক্ষণ শাখা
www.mopa.gov.bd

নম্বর ০৫.০০.০০০০.২০২.২৫.০১১.২২.২৭৮

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৯


১০ অক্টোবর ২০২২

সিভিল সার্ভিস অনুষদ সদস্য হিসেবে অন্তর্ভুক্তির জন্য আবেদন আহ্বান

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের মানব সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনার প্রয়োজনের নিরিখে গভর্নেন্স ইনোভেশন ইউনিট (জি আই ইউ) এর তত্ত্বাবধানে হার্ভার্ড কেনেডি স্কুলের সহায়তায় অনুষদ সদস্য উন্নয়ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। সে লক্ষ্যে ইতোমধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক সিভিল সার্ভিস অনুষদ বাছাই নির্দেশিকা, ২০২২, প্রণয়ন করা হয়েছে। উক্ত নির্দেশিকার আলোকে অনুষদ সদস্য হিসেবে অন্তর্ভুক্তির জন্য প্রশিক্ষণ প্রতিষ্ঠানে কাজ করতে আগ্রহী বিসিএস প্রশাসন ক্যাডারভুক্ত কর্মকর্তাগণের নিকট হতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে এবং সংযুক্ত নির্দেশিকা মোতাবেক আবেদনপত্র আহ্বান করা হচ্ছে।

১।	বিসিএস প্রশাসন ক্যাডারের সিনিয়র সহকারী সচিব হতে যুগ্মসচিব পদমর্যাদার কর্মকর্তাগণ আবেদন করতে পারবেন।
২।	কমপক্ষে ০৭ (সাত) বছর চাকরিকাল অবশিষ্ট থাকতে হবে।
৩।	সমগ্র শিক্ষাজীবনে কোন তৃতীয় শ্রেণী বা সমমান থাকলে আবেদন গ্রহণযোগ্য নয়।
৪।	আবেদনকারীর চাকরি সন্তোষজনক হতে হবে। চাকরিজীবনের যে কোন সময়ে বিভাগীয় বা অন্য কোন মামলায় দন্ডপ্রাপ্ত হলে আবেদন এর যোগ্য বিবেচিত হবেন না।
৫।	আবেদনপত্রের সাথে নিম্নোক্ত প্রমাণক/তথ্যাদি সংযুক্ত করতে হবেঃ ক) আবেদনকারী কর্তৃক স্বাক্ষরিত ও যথাযথভাবে পূরণকৃত জীবনবৃত্তান্ত; খ) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অগ্রায়ণপত্র; গ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদের কপি; ঘ) প্রকাশনা সংক্রান্ত প্রমাণক; ঙ) প্রশিক্ষণ কেন্দ্র/ বুদ্ধিবৃত্তিক/গবেষণা প্রতিষ্ঠানে কাজের অভিজ্ঞতা সংক্রান্ত প্রমাণক; চ) প্রশিক্ষণ প্রতিষ্ঠানে সেশন পরিচালনার অভিজ্ঞতার প্রমাণক (নমুনা প্রমাণক); ছ) নির্দেশিকায় বর্ণিত অন্যান্য তথ্যাদি।

০২। সিভিল সার্ভিস অনুষদ বাছাই নির্দেশিকা, ২০২২ এ প্রদত্ত আবেদন মোতাবেক আগ্রহী প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র আগামী ২০/১০/২০২২ তারিখের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিদেশ প্রশিক্ষণ শাখায় (ভবন নং ০২, কক্ষ নং ১০৯) প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



১০-১০-২০২২

মৌসুমী সরকার রাখী
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৪৪২৬
ইমেইল: ft@mopa.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসার্ব নয়):

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সিনিয়র সচিব/সচিব (সকল) (মন্ত্রণালয়/বিভাগ এবং অধীনস্থ দপ্তরসমূহে কর্মরত সকল কর্মকর্তাকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৪) মহাপরিচালক (সচিব), জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
- ৫) রেক্টর (সচিব), বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
- ৬) রেক্টর (সচিব), বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি
- ৭) মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব অ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন
- ৮) মহাপরিচালক, ইন্সটিটিউট অফ পাবলিক ফাইন্যান্স।
- ৯) অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), অতিরিক্ত সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ১০) অতিরিক্ত সচিব, ক্যারিয়ার প্লানিং ও ট্রেনিং অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ১১) বিভাগীয় কমিশনার (সকল) (বিজ্ঞপ্তিটি বিভাগীয় কমিশনারের কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশসহ তাঁর অধীনস্থ সকল দপ্তরকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ১২) মহাপরিচালক, জি আই ইউ, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ১৩) যুগ্মসচিব, অভ্যন্তরীণ এবং বিদেশ প্রশিক্ষণ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ১৪) জেলা প্রশাসক (সকল)(বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসনের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ তাঁর অধীনস্থ সকল দপ্তরকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ১৫) উপজেলা নির্বাহী অফিসার (সকল)
- ১৬) সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (বিজ্ঞপ্তিটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।